৮৮২৪

দৈনিক খবর

তারিখ ... 01 OCT 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

26

### চট্টগ্রামে জাহানারা ইমাম

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে ঘাতকদের কবল থেকে মুক্ত করুন

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ৩০শে সেপ্টেম্বর (বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)।- শহীদ জননী জাহানারা ইমাম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে '৭১-এর নরঘাতক গোষ্ঠীর কবল থেকে মুক্ত করার লক্ষ্যে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবার জন্যে ছাত্র-ছাত্রীদের প্রতি আহবান জানিয়েছেন।

আজ বুধবার সকালে বিশ্ববিদ্যালয় ১ নম্বর সড়কে ঘাতক দালাল নির্মূল কমিটি আয়োজিত এক জনসভায় বক্তৃতাকালে তিনি এই আহবান জানান। এতে সভানেত্রীত্ব করেন ডঃ হামিদা বানু। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন কর্নেল (অবঃ) আবু ওসমান চৌধুরী, মওলানা আহমেদুর রহমান আজমী, মঈনুদ্দীন খান বাদল, দিলীপ বড়ুয়া, বেগম মুশতারী শফি, অধ্যাপক আবদুল মান্নান,

২ এর পাতায় দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে

প্রথম পৃষ্ঠার পর

এডভোকেট ইব্রাহিম হোসেন বাবুল, জালাল আহমদ মাষ্টার ও চাকসু জিএস আজিমউদ্দীন আহমদ এবং রুবানা কাফি ঝর্ণা।

ক্যাম্পাস থেকে ছাত্র-ছাত্রীদের উক্ত জনসভায় যেতে বাধা সৃষ্টির জন্যে একটি ছাত্র সংগঠন গাড়ী চলাচল বন্ধ রাখার চেষ্টা করে। কিন্তু সাধারণ ছাত্রদের প্রতিবাদে তাদের সে অপচেষ্টা ব্যাহত হয়।

জাহানারা ইমাম গণআদালতের রায় কার্যকর করার আহ্বান জানিয়ে বলেন, জামায়াত-শিবির ধর্মের সুড়সুড়ি ও মানুষকে ধোঁকা দিয়ে রাজনীতি করছে। তারা আমাদের ছেলেদের রগ কেটে দিচ্ছে, নৃশংসভাবে সেই '৭১-এর কায়দায় হত্যা করছে। এই সন্ত্রাসী চক্রের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে। বিশেষ ট্রাইব্যুনাল গঠন করে গোলাম আযমের বিচার করতে হবে।